05 AUG 1988

৫৮

দৈনিক সংবাদ

তারিখ 07 AUG 1988
পৃষ্ঠা... কলাম...

# রাজৈর কলেজে ছাত্র ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত

মাদারীপুর, ৩রা আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)।—রাজৈর উপজেলা সদরে অবস্থিত উপজেলার একমাত্র কলেজটি অন্তহীন সমস্যায় জর্জরিত। ফলে কলেজটিতে লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। ১৯৭০ সালে স্থাপিত এই কলেজটিতে শ্রেণী কক্ষের সংকট প্রকট। গত বছরের ঘূর্ণিঝড়ে কলেজ ভবন ক্ষতিগ্রস্ত হওয়ার পর আজ পর্যন্ত তা মেরামত করা হয়নি। এদিকে অর্থের অভাবে কলেজের নতুন ভবনের নির্মাণ কাজ মন্থর গতিতে চলছে। কলেজের ৫শ' ছাত্রছাত্রীকে কষ্ট করে ক্লাস করতে হচ্ছে। কলেজে বর্তমানে প্রায় দেড়শ' ছাত্রী লেখাপড়া করলেও তাদের জন্য কোন মিলনায়তন নেই। কলেজে আসবাবপত্রের তীব্র অভাব। কলেজে বিজ্ঞানাগার থাকলেও প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই।

কলেজে ছাত্রাবাস সমস্যা প্রকট। বর্তমানে নামমাত্র একটি ছাত্রাবাস থাকলেও সেটি মোটেও বসবাসের উপযোগী নয়। নতুন ছাত্রাবাস নির্মাণ করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে।

এদিকে কলেজে প্রয়োজনের তুলনায় শিক্ষকের সংখ্যা কম থাকায় লেখাপড়া ব্যাহত হচ্ছে। বিভিন্ন বিভাগে শিক্ষকের পদ খালি রয়েছে। অপর দিকে কলেজের চারিদিকে সীমানা দেয়াল নির্মাণ করা হয়নি।

**পানিতে ডুবে শিশুর মৃত্যু**

গত ২৫শে জুলাই সকালে মাদারীপুর সদর উপজেলার হাজিরহাওলা গ্রামে আ: রশীদের শিশুপুত্র মীরাজ (১) পানিতে ডুবে মারা গেছে। সকলের অগোচরে খেলতে খেলতে সে বাড়ীর পার্শ্ববর্তী পুকুরে পড়ে যায়। পরে তার লাশ উদ্ধার করা হয়।